অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নভেল করোনাভাইরাস ব্রিফিং-এ, গভর্নর কুউমো আরও 11টি ঘটনা নিশ্চিত করেছেন - যা স্টেট জুড়ে মোট সংখ্যাকে 44-এ উন্নীত করে

নতুন ঘটনায় ওয়েস্টচেস্টার কাউন্টিতে 8 জন এবং নাসাও কাউন্টিতে 3 জন অন্তর্ভুক্ত

ভ্রমণ এজেন্টগণ এবং ভ্রমণ বীমাদানকারীগণ নিউ ইয়র্ক স্টেটে 'ক্যান্সেল ফর এনি রিজন' ভ্রমণ নীতি প্রদান করবেন বলে ঘোষণা করা হয়েছে - ছয়টি বিশ্বব্যাপী এবং জাতীয় বীমা সংস্থাসমূহ ভ্রমণকারীদের কভারেজ প্রদানের জন্য সম্মত হয়েছে

নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাব পর্যবেক্ষণ করতে ও প্রতিক্রিয়া জানাতে NYS ইন্টারএজেন্সি টাস্ক ফোর্স স্থানীয় সরকার এবং স্বাস্থ্যসেবা অংশীদারদের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে

নভেল করোনাভাইরাস নিয়ে এক ব্রিফিং-এ, গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ আরও 11টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা স্টেটব্যাপী মোট নিশ্চিত ঘটনার সংখ্যা 44-এ উন্নীত করে। আজ সকাল থেকে চিহ্নিত নতুন ঘটনার মধ্যে, আটটি ওয়েস্টচেস্টার কাউন্টিতে এবং তিনটি নাসাউ কাউন্টিতে অবস্থিত।

মোট 44 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

- নাসাউ কাউন্টি: 4
- রকল্যান্ড কাউন্টি: 2
- নিউ ইয়র্ক সিটি: 4
- ওয়েস্টচেস্টার কাউন্টি: 34

অধিকন্তু, গভর্নর ভ্রমণ বীমাদানকারী সংস্থাসমূহ এবং ভ্রমণ এজেন্টগণ নিউ ইয়র্কের বাসিন্দাদের এবং ব্যবসায়ীদের ভ্রমণ পরিকল্পনা করার সময় কভারেজ ক্রয়ের সুযোগ দেবে বলে ঘোষণা করেছিলেন যা তাদের করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) সম্পর্কিত কারণসমূহ সহ যে কোনও কারণে ভ্রমণ বাতিল করার সুযোগ দেয়।

"আমি প্রতিদিন বলছি যে নভেল করোনাভাইরাসের নিশ্চিত ঘটনার সংখ্যা বাড়তে থাকবে এবং আমরা আমাদের পরীক্ষা-নিরীক্ষার ক্ষমতা বাড়ানোর সাথে সাথে আমরা কেবলমাত্র এই সংখ্যাটির বৃদ্ধি দেখব," **গভর্নর কুওমো বলেন।** "আমরা আরও বেশি লোককে পরীক্ষা করতে এবং সন্ধান করতে চাই যারা পজিটিভ ফলাফল দেখাচ্ছেন কারণ এভাবেই একটি রোগের প্রাদুর্ভাবকে দমন করা যেতে পারে - সংক্রামিত ব্যক্তিকে খুঁজে বের করা, তাদেরকে পৃথকীকরণের ব্যবস্থা করা এবং সংক্রমণের হার হ্রাস করা। একই সাথে আমরা চাই নিউ ইয়র্কবাসীরা তাদের ছুটির পরিকল্পনা এবং অন্যান্য ভ্রমণসহ তাদের প্রতিদিনের জীবনযাত্রার চালিয়ে যাবে এবং এই পদক্ষেপটি তাদের এমন একটি সময়ে এমন সুযোগ দেবে যখন করোনাভাইরাসের ভবিষ্যতের ভৌগলিক প্রভাব সম্পর্কে এখনও অনিশ্চয়তা বিদ্যমান।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "এই পদক্ষেপের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট প্রদর্শন করছে যে সরকার এই ক্রমপরিবর্তিত পরিস্থিতির মধ্য দিয়ে মানুষকে পথ দেখাতে সহায়তা এবং এর ভূমিকা পালন করতে পারে যাতে তারা তাদের দৈনন্দিন জীবন এবং নিত্যকার্যসূচি নিয়ে এগিয়ে যেতে পারে। আমরা নিশ্চিত করতে চাই যে ভ্রমণকারী এবং ব্যবসা মালিকদেরকে এই সময়ে ভ্রমণের ব্যবস্থা করার কারণে সঠিক তথ্য দিয়ে এবং কিছুটা স্বস্তিদান করা হয়েছে।"

নিউ ইয়র্ক স্টেটে 'ক্যান্সেল ফর এনি রিজন' ভ্রমণ নীতিসমূহ

আর্থিক পরিষেবা অধিদপ্তর (Department of Financial Services, DFS) নির্দেশিকা জারি করেছে নিউ ইয়র্ক স্টেটে এই জাতীয় নীতিগলো উপলভ্য নয় বলে DFS'র ভোক্তাদের অভিযোগ পাওয়ার পরে ভ্রমণ এজেন্ট এবং ভ্রমণ বীমাদানকারীদের এই ধরণের কভারেজ সরবরাহ করার এখতিয়ার দান করে। এই নতুন পদক্ষেপটি নিউ ইয়র্কের ব্যবসা এবং বাসিন্দাদের আশ্বাস প্রদানের জন্য নকশা করা হয়েছে যারা পরিকল্পনা করতে চাইছেন এমন স্থানে ভ্রমণের যা COVID-19-এর কারণে ভ্রমণ উপদেশের বহির্ভূত।

ছয়টি বৈশ্বিক এবং জাতীয় বীমা সংস্থা ভ্রমণকারীদের "ক্যান্সেল ফর এনি রিজন" কভারেজ সরবরাহ করতে সম্মত হয়েছে, যার মধ্যে আছে: আলিয়াঞ্জ (Allianz), ন্যাশনওয়াইড (Nationwide), স্টার ইনডেমনিটি (Starr Indemnity), বার্কশায়ার (Berkshire), ক্রাম অ্যান্ড ফর্স্টার (Crum & Forster), এবং জুরিখ (Zurich)।

অনেক বৈশিষ্ট্যসূচক ভ্রমণ বীমা কর্মপন্থা COVID-19-এর কারণে ভ্রমণে বাঁধা বাধা বা বাতিল করাকে অন্তর্ভূক্ত করে না কারণ এ জাতীয় আদর্শ নীতি সাধারণত মহামারী, পৃথিবীব্যাপি রোগ বা অনুরূপ জনস্বাস্থ্যের ঘটনার জন্য কভারেজ বাদ দেয় না। ফলস্বরূপ, COVID-19-এর প্রাদুর্ভাবের সাথে সম্পর্কিত, "ক্যান্সেল ফর এনি রিজন" নীতিমালার প্রাপ্যতা সম্পর্কে আগ্রহ বাড়ছে। বোধগম্যভাবে, অনেক ভ্রমণকারী ভ্রমণ বুকিং করার সময় COVID-19-এর সম্ভাব্য বিস্তার এবং প্রভাবের উপর নির্ভর করে ভবিষ্যতে পরিকল্পনা বাতিল করার অধিকার ধরে রাখতে চান। এখন পর্যন্ত, "ক্যান্সেল ফর এনি রিজন" কভারেজ নিউ ইয়র্ক স্টেটে অনুপলভ্য।

DFS আজ ভ্রমণ এজেন্টগণ এবং ভ্রমণ বীমাদানকারীগণের উদ্দেশ্যে একটি নির্দেশিকা পত্র জারি করেছে যা 10 বছরেরও বেশি আগে জারি করা নির্দেশিকাবলীকে স্পষ্ট ও প্রতিস্থাপন করে যেটির কারণে নিউ ইয়র্ক স্টেটে "ক্যান্সেল ফর এনি রিজন" নীতিমালা সরবরাহ করা হচ্ছে না বলে ভোক্তাদের অভিযোগ উঠেছে। ফলস্বরূপ, ভ্রমণ বীমা সংস্থা এবং ভ্রমণ এজেন্টদের পরামর্শ দেওয়া হয়েছে যে তারা নিউ ইয়র্কবাসী এবং ব্যবসা প্রতিষ্ঠানের কাছে এ জাতীয় নীতি বিক্রি করতে সক্ষম, যা আজ থেকে কার্যকর হবে। DFS-এর নির্দেশিকা জানায় যে "ক্যান্সেল ফর এনি রিজন" নীতিগুলো আদর্শ ভ্রমণ বীমা থেকে আলাদা এবং নিউ ইয়র্ক স্টেট বীমা আইন অনুসারে তা একত্রে বিক্রি করা উচিত নয়।
"ক্যান্সেল ফর এনি রিজন" কভারেজের হারসমূহ আদর্শ ভ্রমণ বীমাগুলির তুলনায় যথেষ্ট পরিমাণে বেশি এবং ভ্রমণ বাতিল হওয়ার কারণে সাধারণত যাত্রীদের ব্যয় 75 শতাংশ পর্যন্ত ফেরতের অনুমতি দেয়।

DFS নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণ বীমাদানকারীদের তাদের নীতিগুলি কিনেছে এমন ব্যক্তি এবং ব্যবসায়ের কাছে সক্রিয়ভাবে যোগাযোগ করার জন্য নির্দেশনা দিয়েছিল কি অন্তর্ভূক্ত আছে তা জানানোর জন্য।
গভর্নর নিউ ইয়র্কের বাসিন্দা এবং ব্যবসায়ীদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Center for Disease Control and Prevention) ট্রাভেল হেলথ নোটিশগুলোতে (Travel Health Notices) গভীর মনোযোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন, যা জনস্বাস্থ্যের ঘটনাবলী এবং রোগজনিত সংক্রমণের কারণে আমেরিকানদের নির্দিষ্ট জায়গায় ভ্রমণ এড়াতে সতর্ক করে দিয়েছে। এটি এখানে উপলভ্য: https://wwwnc.cdc.gov/travel/notices।
করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) নিয়ে নিউ ইয়র্ক স্টেটের প্রতিক্রিয়া সম্পর্কিত আরও তথ্য পাওয়া যাবে এখানে: https://www.health.ny.gov/diseases/communicable/coronavirus/।

"ক্যান্সেল ফর এনি রিজন" সম্পর্কিত অভিযোগ বা প্রশ্ন থাকলে নিউ ইয়র্কবাসীদের যোগাযোগ করা উচিত: www.dfs.ny.gov/complaint।

অনুলিপি পড়ুন DFS বীমা নির্দেশিকা পত্রের।

আজ দিনের শুরুতে, গভর্নর ঘোষণা করেছিলেন যে একটি নিউ ইয়র্ক ইন্টারএজেন্সি টাস্ক ফোর্স নভেল করোনভাইরাসের প্রকোপ পর্যবেক্ষণ করতে ও প্রতিক্রিয়া জানাতে স্থানীয় সরকার এবং স্বাস্থ্যসেবা অংশীদারদের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে। টাস্ক ফোর্সের সদস্যদের মধ্যে রয়েছেন:

- আর্থিক পরিষেবা অধিদপ্তরের (Department of Financial Services), অধীক্ষক, লিন্ডা লেসওয়েল
- স্বাস্থ্য বিভাগের (Department of Health), কমিশনার, ডা. হাওয়ার্ড জুকার
- মেলিসা ডিরোজা, গভর্নরের সেক্রেটারি
- বিশেষ আইন উপদেষ্টা, বেথ গারভি
- আর্থিক পরিষেবা অধিদপ্তরের, উপ-অধীক্ষক, গ্যারেথ রোডস

- অর্থনৈতিক উন্নয়ন উপ-সচিব, সাইমোনিডা সুবোটিক
- স্টেট ক্রিয়াপ্রণালী ও অবকাঠামোর (State Operations and Infrastructure) পরিচালক, কেলি কামিংস
- জরুরী ব্যবস্থাপনা পরিচালক, মাইকেল কোপি
- হোমল্যান্ড সুরক্ষা এবং জরুরী পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services), কমিশনার, প্যাট্রিক মারফি
- সাধারণ পরিষেবা অফিসের (Office of General Services), কমিশনার, রোঅ্যান ডেসটিটো
- মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA), সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, প্যাট ফোয়ি
- নিউ ইয়র্ক এবং নিউ জার্সির পোর্ট অথোরিটির (Port Authority of New York and New Jersey), নির্বাহী পরিচালক, রিক কটন
- শিক্ষা বিষয়ক উপ-সচিব, ড্যান ফুলার
- বাজেটের বিভাগের (Division of Budget), উপ পরিচালক, স্যান্ড্রা বিটি

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন